

১৫৬  
১৯/১২/২৬



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর

তারিখ: ০৩ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৬/১৮) জাতীয়বি/প্রকাশ/বিপণন/বিক্রয়ওবিতরণ/২০২১/২৯৮

প্রেরক:  
পরিচালক  
প্রকাশনা ও বিপণন দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়

প্রাপক :  
অধ্যক্ষ  
সংশ্লিষ্ট কলেজ

বিষয় : অমর একুশে বইমেলা ২০২৩-এ অংশগ্রহণের জন্য প্রকাশিত গ্রন্থসমূহের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

জ্ঞাতব্য,

অমর একুশে বইমেলা ২০২৩-এ অংশগ্রহণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় উদ্যোগ গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত গ্রন্থসমূহের পাশাপাশি অধিভুক্ত কলেজের শিক্ষকদের গ্রন্থসমূহও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে আপনার এবং আপনার কলেজের শিক্ষকগণের বিগত পাঁচ বছরের মধ্যে প্রকাশিত যেসব গ্রন্থসমূহ রয়েছে তা'র একটি তালিকা আগামী ২৩ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

আপনার প্রেরিত তালিকা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করার পর চূড়ান্ত নির্বাচিত গ্রন্থের লেখককে বিষয়টি অবহিত করা হবে। সেমতে তাদের প্রকাশনা সংস্থাসমূহ নির্বাচিত গ্রন্থ সরবরাহ করা সাপেক্ষে তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্টলে প্রদর্শন ও বিক্রয়ের জন্য রাখা হবে।

উল্লেখ্য, এক্ষেত্রে গবেষণা গ্রন্থসমূহ অগ্রাধিকার পাবে।

ধন্যবাদান্তে,

*Handwritten signature and date: 29.01.2023*

(আঃ মালেক সরকার)

পরিচালক

প্রকাশনা ও বিপণন দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন: ০১৭১৩-২০৫৩২৭

E-mail : pdnu1646@gmail.com